

**বিজ্ঞপ্তি**

বিষয়: বিসিএস প্রশাসন একাডেমিতে অনুষ্ঠিতব্য ১৩০তম এবং ১৩১তম আইন ও প্রশাসন কোর্সের শরীরচর্চা প্রশিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি।

আগামী ১৮ জুন ২০২৩ তারিখ হতে (সম্ভাব্য) বিসিএস প্রশাসন একাডেমিতে ০৫ (পাঁচ) মাস মেয়াদে ১৩০তম এবং ১৩১তম আইন ও প্রশাসন কোর্স অনুষ্ঠিত হবে। অনুষ্ঠিতব্য কোর্সসমূহের সকালের পিটি ও বিকালের খেলাধুলা কার্যক্রম পরিচালনা করার জন্য প্রতি কোর্সের জন্য দু'জন করে (একজন মহিলা ও একজন পুরুষ) শরীরচর্চা প্রশিক্ষক নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নিয়োগ করা হবে। নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে। উল্লেখ্য, অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ কোর্সের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি হতে পারে।

আগ্রহী প্রার্থীর আবেদনের শর্তাবলী:

- আবেদনকারীকে বিপিএড ডিগ্রীধারী হতে হবে।
- শরীরচর্চা ও খেলাধুলায় পারদর্শী, সূর্যোদয়ের পূর্বে শরীরচর্চা প্রশিক্ষক হিসেবে কাজের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।

প্রশিক্ষক নিয়োগের শর্তাবলী নিম্নরূপ:

- ক) এ নিয়োগ কোর্সের মেয়াদকালের জন্য দৈনিক ভাতার ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী নির্ধারিত হবে;
- খ) প্রতি কর্মদিবসে সকাল-বিকাল দুই সেশনের জন্য সম্মানী হিসেবে (৮০০/-+৮০০/-) = ১,৬০০ (এক হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন, তবে কোন কর্মদিবসে/কোন সেশনে অনুপস্থিত থাকলে, অনুপস্থিতির দিন/সেশনগুলোতে কোন সম্মানী প্রাপ্য হবে না;
- গ) সাপ্তাহিক ছুটি, সরকারি ছুটি, মাঠ-সংযুক্তি, শিক্ষা সফর এবং কোর্স কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক যে দিনগুলোতে শরীরচর্চা/খেলাধুলা অনুষ্ঠিত হবে না সে দিনগুলোর জন্য কোন সম্মানী প্রাপ্য হবেন না;
- ঘ) সকালের শরীরচর্চা এবং বিকালের খেলাধুলায় প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সক্রিয় অংশগ্রহণ এবং শৃঙ্খলা রক্ষার বিষয়টি নিশ্চিত করতে হবে;
- ঙ) নিজের এবং প্রশিক্ষণার্থীদের দৈনিক হাজিরা সংরক্ষণ করতে হবে এবং প্রত্যহ সংশ্লিষ্ট কোর্স সমন্বয়কের নিকট এটি জমা দিতে হবে। প্রশিক্ষণার্থীগণ সক্রিয়ভাবে প্রতিদিন এ প্রশিক্ষণে সময়মত অংশগ্রহণ করেছেন কিনা এবং যদি না করে থাকেন তাদের নাম, রোল ও মন্তব্যসহ একটি প্রতিবেদন সংশ্লিষ্ট কোর্স পরিচালকের নিকট জমা দিতে হবে;
- চ) কোর্স কারিকুলামে নির্ধারিত খেলাধুলা প্রতিযোগিতা সফলভাবে পরিচালনার জন্য যথাযথ সহায়তা প্রদান করতে হবে;
- ছ) কোর্স শুরুর সাপেক্ষে এ নিয়োজন কার্যক্রম গ্রহণ করা হবে;
- জ) এ নিয়োজন কোর্স শুরুর তারিখ হতে কার্যকর হবে এবং কোর্স সমাপ্ত হওয়ার সাথে সাথে বাতিল বলে গণ্য হবে;
- ঝ) কর্তৃপক্ষ যে কোন মুহূর্তে কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

০২। আগামী ১৩ জুন ২০২৩ তারিখ মঙ্গলবার বিকেল ০৫:০০ টার মধ্যে পূর্ণ জীবন বৃত্তান্তসহ সহকারী পরিচালক (প্রশিক্ষণ) এর ই-মেইল [adtraining@bcsadminacademy.gov.bd](mailto:adtraining@bcsadminacademy.gov.bd) বরাবর আবেদন পত্র প্রেরণ এবং হার্ড কপি প্রশিক্ষণ শাখায় জমা প্রদান করতে হবে। আগামী ১৪ জুন ২০২৩ তারিখ বুধবার দুপুর ০২:৩০ ঘটিকায় আবেদনকারীগণের মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। মৌখিক পরীক্ষায় সকল সার্টিফিকেটের মূল কপি সঙ্গে আনতে হবে।



(তানিয়া মুন)  
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)  
ফোন: ৫৫১৬৫৯১৯

২৪ জ্যৈষ্ঠ ১৪৩০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) অধ্যক্ষ, মোহাম্মদপুর সরকারি শরীরচর্চা কলেজ (নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ);
- ২) প্রোগ্রামার, তথ্যপ্রযুক্তি শাখা, বিসিএস প্রশাসন একাডেমি (একাডেমির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৩) ব্যক্তিগত সহকারী, উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, (নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ);
- ৪) রেক্টরের একান্ত সচিব, বিসিএস প্রশাসন একাডেমি (রেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৫) সিনিয়র সচিব এর ব্যক্তিগত সহকারী, জাতীয় পরিকল্পনা উন্নয়ন একাডেমি (নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ);
- ৬) মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ);
- ৭) মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বিয়াম ফাউন্ডেশন (নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ);
- ৮) এমডিএস (প্রশাসন ও প্রশিক্ষণ) এর ব্যক্তিগত সহকারী, বিসিএস প্রশাসন একাডেমি (এমডিএস মহোদয়ের সদয় অবগতির জন্য)।



(তানিয়া মুন)  
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)